দৈনিক বাংলা

তারিখ ...17 AUG. 1988... ...
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...

034

# এসএসসি : ৫টি বিষয়ে পরীক্ষা পদ্ধতিতে আকস্মিক পরিবর্তন

(জালালউদ্দিন আহমদ)

মাধ্যমিক শিক্ষাবোর্ড আকস্মিকভাবে ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষার ৫টি নৈর্বাচনিক কারিগরি বিষয়ের মার্ক বণ্টন ও পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করার সিদ্ধান্ত নিয়েছে। এসএসসি পরীক্ষার আর মাত্র ৭/৮ মাস বাকী। অথচ আজ পর্যন্ত বোর্ডের এই সিদ্ধান্ত সংশ্লিষ্ট স্কুলগুলোর অধিকাংশের কাছেই পৌছায়নি। কর্তৃপক্ষের এ ধর-

(৩-এর পঃ দ্রঃ)

## আকস্মিক পরিবর্তন

(১ম পৃঃ পর)

নের উদ্ভট সিদ্ধান্তের ফলে অভিভাবক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের মধ্যে উৎকণ্ঠা দেখা দিয়েছে।

যেসব বিষয়ের পরীক্ষা পদ্ধতি ও মানবণ্টন পরিবর্তনের ব্যবস্থা নেয়া হয়েছে সেগুলো হচ্ছে (১) জ্যামিতি ও কারিগরি অংকন (২) কাঠের কাজ (৩) লোহালক্কড়ের কাজ (৪) ফলিত বিদ্যুৎ শক্তি ও (৫) টাইপ লিখন।

জ্যামিতিক ও কারিগরি বিষয়ে আগে তাত্ত্বিক প্রশ্নে অংকনের প্রণালী লিখতে হত না। এখনকার নিয়ম অনুসারে পরীক্ষার্থীদের তা লিখতে হবে। অথচ অংকন প্রণালী সিলেবাস বহির্ভূত বলে ক্লাশ নাইন এবং টেন-এ শিক্ষার্থীরা তা অনুশীলন করেনি।

ব্যবহারিক পরীক্ষার পদ্ধতিও পাল্টানো হয়েছে আগে কেবল বহিরাগত পরীক্ষকরা নম্বর দিতেন কিন্তু নতুন নিয়মে অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষক একত্রে ব্যবহারিক পরীক্ষার শীট নিরীক্ষা করবেন এবং ব্যবহারিক মৌখিক ও শ্রেণী কাজের নম্বর প্রদান করে যুক্ত স্বাক্ষরসহ শীট ও নম্বর বোর্ডে পাঠাবেন।

অন্যদিকে নতুন নিয়মে কাঠের কাজে লিখিত পরীক্ষায় ৬০ নম্বর ও ব্যবহারিক পরীক্ষায় ৪০ নম্বর থাকবে। লিখিত পরীক্ষায় ছ'টি প্রশ্নের উত্তর দিতে হবে। ব্যবহারিক কোর্সে রয়েছে শ্রেণীর কাজে ১৫ নম্বর, মৌখিক পরীক্ষায় ৫ নম্বর ও লিখিত পরীক্ষায় ২০ নম্বর থাকবে।

একইভাবে বর্তমান নিয়মে লোহালক্কড় কাজ বিষয় ও ফলিত বিদ্যুৎ শক্তি বিষয়ে উপরোক্ত কাঠের কাজের নিয়মে মার্ক বণ্টন করা হয়েছে। এতে প্রতিটি বিষয়ে ৬টি প্রশ্নের উত্তর লিখতে হবে। এতে নম্বর থাকবে ৬০। আর ব্যবহারিক পরীক্ষায় ৪০ নম্বর।

অপরদিকে টাইপ লিখনে চারটি প্রশ্নের উত্তর লিখিত হবে। এতে লিখিত পরীক্ষায় মার্ক ধার্য করা হয়েছে ২০। আর ব্যবহারিক পরীক্ষায় থাকবে ৮০ নম্বর।

ব্যবহারিক পরীক্ষায় (ক) গতি ও শুদ্ধতা পরীক্ষা : প্রতি মিনিটে ২৫টি করে মোট ৭৫টি শব্দ টাইপ করতে হবে।

(খ) প্রতি মিনিটে ৩০টি করে মোট ১৫০টি শব্দ টাইপ করতে হবে।

(২) ৩০ মিনিটে ১টি ছককৃত বিবরণ টাইপ করতে হবে। (৩) ৩০ মিনিটে ১টি বাণিজ্যপত্র টাইপ করতে হবে।

উল্লেখ্য উল্লিখিত ৫টি নৈর্বাচনিক কারিগরি বিষয়ের প্রশ্নের ধারা ও মার্ক বণ্টন সংক্রান্ত উপরোক্ত পরিবর্তন প্রাথমিক পর্যায়ে শুধু দু বছরের জন্য অর্থাৎ ১৯৮৯ এবং ১৯৯০ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার জন্য কার্যকর করা হয়েছে।

উল্লিখিত নৈর্বাচনিক বিষয়গুলি যেসব স্কুলে পড়ানো হয়, সেখানকার শিক্ষকদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা বলেন, এসএসসির সিলেবাস যেখানে প্রায় শেষ এবং ছাত্রছাত্রীরা টেস্ট পরীক্ষার জন্য তৈরী হচ্ছে, সেখানে এই আকস্মিক সিলেবাস পরিবর্তন শিক্ষার্থীদের জন্য বিপর্যয় ডেকে আনবে।

উল্লেখ্য টেকস্ট বুক বোর্ড এ সিদ্ধান্ত নেয় এ বছরের জানুয়ারী মাসে। অর্থাৎ ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষার্থীদের এক বছরের পড়াশোনা শেষ হয়ে যাওয়ার পর। এ সিদ্ধান্ত মাধ্যমিক শিক্ষা বোর্ডের কাছে পৌছায় ফেব্রুয়ারী মাসে। মাধ্যমিক শিক্ষা বোর্ডের কাছ থেকে এ সার্কুলার এখন পর্যন্ত অনেক স্কুলে পৌছায়নি বলে জানা গেছে। বহু ছাত্রছাত্রী তাদের সিলেবাসে, পরীক্ষা পদ্ধতি ও মার্ক বণ্টনে এ পরিবর্তন সম্পর্কে এখন পর্যন্ত অবহিত নয়।